

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(প্রশাসন-১ শাখা)
www.lgd.gov.bd

নং- ৪৬.০৩৯.০১৮.০০.০০.০১২.২০১৫- ৬৯ ৬

তারিখঃ ২৭ চৈত্র ১৪২২ বঙ্গাব্দ
১০ এপ্রিল ২০১৬ খ্রিস্টাব্দ

বিষয়ঃ বাংলাদেশে অবস্থানরত অনির্ভুক্ত মিয়ানমার নাগরিক শুমারি ২০১৬ কার্যক্রমে সার্বিক সহায়তা প্রদান।

সূত্রঃ আধা-সরকারী পত্র নং-০৪.০০.০০০০.৮২২.২৯.০১৫.১৫.২৩১(২৭) তারিখঃ ২১/০৩/২০১৬ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মন্ত্রিপরিদ বিভাগের আধা-সরকারি পত্রটি এতদসংগে প্রেরণ করা হল। উক্ত পত্রের নির্দেশনা মোতাবেক বাংলাদেশে অবস্থানরত অনির্ভুক্ত মিয়ানমার নাগরিক শুমারি ২০১৬ পরিচালনার জন্য ৬টি জেলার (কক্সবাজার, বান্দরবান, রাঙ্গামাটি, খাগড়াছড়ি, চট্টগ্রাম ও পটুয়াখালী) স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা এবং জনপ্রতিনিধিগণ জাতীয় গুরুত্বপূর্ণ এ শুমারি কার্যক্রম পরিচালনার নিমিত্ত প্রয়োজনীয় সহায়তা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

২। বিষয়টি অতীব জরুরী।

সংযুক্তঃ বর্ণনামতে।

(মোঃ জাব্বিদ হোসেন)
সিনিয়র সহকারী সচিব
ফোন- ৯৫৭৫৫৭৩
e-mail: lgadmin1@lgd.gov.bd

বিতরণঃ

- ০১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
- ০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জেলাঃ
- ০৩। মেয়র, পৌরসভা।
- ০৪। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, উপজেলাঃ জেলাঃ



মোহাম্মদ শফিউল আলম
মন্ত্রিপরিষদ সচিব
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
ই-মেইল: cab_secy@cabinet.gov.bd

উপানুষ্ঠানিক পত্র নম্বর ০৪.০০.০০০০.৮২২.২৯.০১৫.১৫.২৩১(২৭)

তারিখঃ ০৭ চৈত্র ১৪২২
২১ মার্চ ২০১৬

বিষয়: বাংলাদেশে অবস্থানরত অনির্বন্ধিত মিয়ানমার নাগরিক শুমারি, ২০১৬ কার্যক্রমে সার্বিক সহায়তা প্রদান

প্রিয় মহোদয়,

আপনি নিশ্চয় অবগত আছেন যে গত ০৯ সেপ্টেম্বর, ২০১৩ তারিখে মিয়ানমার থেকে আগত শরণার্থী ও অবৈধ অনুপ্রবেশকারী অনির্বন্ধিত নাগরিকদের বিষয়ে প্রণীত একটি জাতীয় কৌশলপত্র মন্ত্রিপরিষদ কর্তৃক অনুমোদিত হয়েছে। উক্ত কৌশলপত্রে বাংলাদেশে অবস্থানরত অনির্বন্ধিত মিয়ানমার নাগরিকদের সঠিক পরিসংখ্যানসহ একটি ডাটাবেইজ প্রণয়নের বিষয়কে অন্যতম অগ্রাধিকার হিসেবে উল্লেখ করা হয়েছে। এ প্রেক্ষিতে কৌশলপত্র বাস্তবায়ন সংক্রান্ত জাতীয় টার্কফোর্সের পক্ষ থেকে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)-কে সম্পূর্ণ সরকারি অর্থায়নে কক্সবাজার, বান্দরবান, রাঙ্গামাটি, খাগড়াছড়ি, চট্টগ্রাম ও পটুয়াখালী এ ৬টি জেলায় শুমারি পরিচালনার জন্য দায়িত্ব দেয়া হয়েছে। গত ১২ ও ১৩ ফেব্রুয়ারি, ২০১৬ খ্রি. তারিখ কক্সবাজারে অনুষ্ঠিত জাতীয় টার্কফোর্সের সভা ও উল্লিখিত শুমারি বিষয়ে পরামর্শ কর্মশালায় উপস্থিত থেকে আমি নিজেও শুমারি কার্যক্রম এবং বিবিএস-এর প্রস্তুতি, কর্মপদ্ধতি ও গৃহীত কৌশল সম্পর্কে অবহিত হয়ে আমি এর সফলতা বিষয়ে অভ্যন্তর আশাবাদী।

০২। বিবিএস ইতোমধ্যেই শুমারির আওতাভুক্ত ৬টি জেলায় প্রাক-শুমারি কার্যক্রম হিসাবে 'জোনাল অপারেশন'-এর আওতায় সকল খানা (Household) তালিকা প্রণয়নের মাধ্যমে 'অনির্বন্ধিত মিয়ানমার নাগরিক অবস্থানকারী খানা' চিহ্নিতকরণের কাজ সম্পন্ন করেছে। চিহ্নিত অনির্বন্ধিত মিয়ানমার নাগরিক অবস্থানকারী খানার ভিত্তিতে আগামী এপ্রিল-মে মাসে বিস্তারিত প্রশ্নপত্র পূরণ ও মিয়ানমার নাগরিকদের ছবি ও দলিলাদি স্ক্যানিং-এর মাধ্যমে বিবিএস মূল শুমারি কার্যক্রম পরিচালনা করবে।

০৩। শুমারি চলাকালে সীমান্ত ব্যবস্থা জোরদার করার বিষয়ে পূর্বেই সিদ্ধান্ত গৃহীত হয়েছে। পাশাপাশি তথ্য সংগ্রহে নিয়োজিত শুমারি কর্মীদের নিরাপত্তা বিধান ও সংরক্ষিত এলাকা যেমন: ক্যান্টনমেন্ট, জেলখানা, ব্যারাক, বিজিবি ক্যাম্প, এয়ারবেইজ ইত্যাদি এলাকায় নির্বিঘ্নে শুমারি কার্যক্রম পরিচালনা করার ক্ষেত্রে বিবিএস-কে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করা প্রয়োজন। এছাড়াও, শুমারি কার্যক্রমটি সফল করতে বর্ণিত ৬টি জেলার স্থানীয় প্রশাসন, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, স্থানীয় জনপ্রতিনিধিগণের সার্বিক সহযোগিতা প্রয়োজন বলে আমি মনে করি।

০৪। পরিশেষে, জাতীয় গুরুত্বপূর্ণ এ শুমারি কার্যক্রম পরিচালনায় আপনার আওতাভুক্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/ইউনিটসমূহকে জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করার জন্য অনুরোধ জানাচ্ছি। একই সাথে শুমারি পরিচালনার বিষয়ে তাৎক্ষণিক সহযোগিতা গ্রহণ ও যোগাযোগের জন্য আপনার আওতাভুক্ত মন্ত্রণালয়/বিভাগ এবং সংশ্লিষ্ট সংস্থা/ইউনিটসমূহ হতে উপযুক্ত 'ফোকাল পয়েন্ট' মনোনয়নপূর্বক মহাপরিচালক, বিবিএস-কে অবহিত করার জন্যও বিশেষভাবে অনুরোধ করছি।

গভীর শ্রদ্ধাসহ,

জনাব আবদুল মালেক
সচিব
স্থানীয় সরকার বিভাগ

স্থানীয় সরকার বিভাগ	
সচিবের কার্যালয়	
১) জাতিরিক্ত কার্যক্রম	১) প্রশাসন
২) মন্ত্রণালয়/বিভাগ	২) উন্নয়ন
৩) স্থানীয় সরকার	৩) স্থানীয় উন্নয়ন
	৪) প্রশাসন
	৫) আইন
সংস্করণ	
তারিখঃ ২২/০৬/১৬	স্বাক্ষর

আন্তরিকভাবে আপনার.

২১.০৬.১৬
(মোহাম্মদ শফিউল আলম)